

যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭৬৯

১/ বিবিধ

আরবী

لَيْسَ مِنَ الْمُرْوَءَةِ الرَّبِيعُ عَلَى الْإِخْوَانِ

مُنْكَرٌ

رواه ابن عساكر (17 / 233 / 1) عن ميمون بن إسماعيل الدمشقي: سمعت سالم بن جنادة يقول: سمعت أبي يروي عن أبي حنيفة عن عمرو بن شعيب عن أبيه عن جده أن النبي صلى الله عليه وسلم قال: ... قلت: وهذا إسناد مظلم، أورده ابن عساكر في ترجمة ميمون هذا، ولم يذكر فيه جرحا ولا تعديلا وسالم بن جنادة لم أعرفه، وكذلك أبوه. ويحتمل أن يكون (سالم) محرف من (سلم)، فإن كان كذلك فهو ثقة، وأبوه صدوق له أخطاء كما في "التفريغ". وأبو حنيفة في حفظه ضعف، وقد سبق بيان أقوال أئمة الحديث فيه بتفصيل عند الحديث (458)

والحديث قال المناوي: "قال الذهبي في "مختصر التاريخ": وهو منكر". وتبناه في التيسير

বাংলা

১৭৬৯। ভাইদের নিকট হতে লাভ প্রহণ করা দাক্ষিণ্যতার অন্তর্ভুক্ত নয় বা দ্বীনকে রক্ষা করার অন্তর্ভুক্ত নয়।

হাদীসটি মুনকার।

হাদীসটিকে ইবনু আসাকির (১৭/২৩৩/১) মাইমুন ইবনু ইসমাঈল দেমাক্ষী হতে, তিনি সালেম ইবনু জানাদাহ হতে, তিনি তার পিতা হতে, তিনি আবু হানীফাহ হতে, তিনি আমর ইবনু শুয়াইব হতে, তিনি তার পিতা হতে,

তিনি তার দাদা হতে বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি অন্ধকারাচ্ছন্ন। ইবনু আসাকির হাদীসটিকে এ মাইমুনের জীবনীতে উল্লেখ করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি।

আর সালেম ইবনু জানাদাকে আমি চিনি না। অনুরূপভাবে তার পিতাকেও চিনি না। হতে পারে সালেম বিকৃত হয়েছে সালম হতে। যদি এরূপ হয় তাহলে তিনি নির্ভরযোগ্য। আর তার পিতা সত্যবাদী তবে তার কিছু ভুল আছে। যেমনটি “আত-তাকরীব” গ্রন্থে এসেছে।

আর আবু হানীফাহ তার হেফয়ের দিক দিয়ে দুর্বল। তার সম্পর্কে (৪৫৮) নম্বর হাদীসের ব্যাখ্যায় বিস্তারিত আলোচনা করা হয়েছে।

মানবী বলেনঃ হাফিয় যাহাবী “মুখতাসারূত তারীখ” গ্রন্থে বলেনঃ হাদীসটি মুনকার।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72652>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন